

ক্যারি অন' বহাল এবং 'সিজিপিএ' বাতিলের দাবিতে ক্লাস বর্জন ও অবস্থান কর্মসূচি পালন করছেন বরিশাল শেরেবাংলা মেডিক্যাল কলেজের (শেবামেক) শিক্ষার্থীরা।

advertisement

শনিবার সকালে কলেজ অধ্যক্ষের কার্যালয়ের সামনে এমবিবিএস ৫৩ ও বিডিএস ১১ ব্যাচের শিক্ষার্থীরা ক্লাস বর্জন ও অবস্থান কর্মসূচি পালন করে। দুপুর ২টা পর্যন্ত এ কর্মসূচি চলে।

এ সময় শিক্ষার্থী আবু মাসুম জানান, ২০২১-২২ সেশনে বিএমডিসি ক্যারি অন বাতিল করে সিজিপিএ চালু করেছে। ফলে মেডিক্যাল শিক্ষার্থীদের রেজাল্ট বিভিন্ন গ্রেডে ভাগ করা হবে। এ ছাড়া কোনো বর্ষে একটি বিষয়ে ফেল করলে অন্য বর্ষে ওঠা যাবে না। যেটি ক্যারি অন কার্যক্রমে ছিল না। এ সময় সিজিপিএ বাতিল করে ক্যারি অন পুনরায় চালু করার দাবি জানান

শিক্ষার্থীরা।

শেবামেক উপাধ্যক্ষ ডা. জিএম নাজিমুল হক বলেন, ক্যারি অন নয়, সিজিপিএ-ই শিক্ষার্থীদের জন্য ভালো।

1
Shares